গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও
পারফরম্যান্স (ডিকেএমপি) অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.minland.gov.bd

স্মারক নম্বর- ৩১.০০.০০০০.০৫৭.৪৫.০১৪.২৫-৫৬৬ তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩ / ০৭ জুলাই ২০২৬

**বিষয়: কৃষক কার্ড কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে প্রকৃত কৃষকদের দ্রুত নামজারি সম্পন্নকরণ এবং এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি **মাননীয় প্রধানমন্ত্রী** দেশের কৃষকদের জন্য কৃষক কার্ড কর্মসূচির উদ্বোধন করেছেন। এ কর্মসূচির মাধ্যমে প্রকৃত কৃষকদের একটি নির্ভুল ও সমন্বিত ডিজিটাল তথ্যভান্ডার গড়ে তোলা, সরকারিভাবে কৃষি সহায়তা ও বিভিন্ন সেবা যথাযথভাবে কৃষকের নিকট পৌঁছে দেওয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২। কৃষক কার্ডের আওতায় প্রকৃত কৃষকদের অন্তর্ভুক্তির ক্ষেত্রে জমির মালিকানা-সংক্রান্ত হালনাগাদ তথ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে কৃষকের ভূমির নামজারি কার্যক্রম দ্রুত ও নির্ভুলভাবে সম্পন্ন করা বিশেষভাবে প্রয়োজন। এ লক্ষ্যে, নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো:

- স্থানীয়ভাবে মাইকিং, প্রচার-প্রচারণা ও অন্যান্য মাধ্যমে কৃষকদের জমি নামজারি করার প্রয়োজনীয়তা সম্পর্কে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি করতে হবে এবং কোন কৃষকের নামে রেকর্ডীয় খতিয়ান বা নামজারি খতিয়ান না থাকলে নামজারির আবেদন করার জন্য উদ্বুদ্ধ করতে হবে। এ বিষয়ে কৃষি বিভাগের মাঠ পর্যায়ের কর্মচারীদের সহায়তা গ্রহণ করা যেতে পারে।
- কৃষক কার্ডের সুবিধা গ্রহণে ইচ্ছুক প্রকৃত কৃষকদের নামজারি আবেদন অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও দ্রুত নিষ্পত্তি করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। নামজারির আবেদন দাখিল করার জন্য স্থানীয় ‘ভূমিসেবা সহায়তা কেন্দ্রে’ যাওয়ার পরামর্শ দেয়া যেতে পারে।
- নামজারি বিষয়ে কৃষকদের যথাযথ পরামর্শ প্রদান এবং সেবা প্রদানে কোনো ধরনের অযথা বিলম্ব বা হয়রানী পরিহার করতে হবে।
- উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসের কর্মচারীদের উল্লিখিত বিষয়াদি নিশ্চিত করা জন্য নির্দেশনা প্রদান করতে হবে এবং গৃহীত কার্যক্রম নিয়মিত তদারকি করে প্রয়োজনীয় অগ্রগতি নিশ্চিত করতে হবে।

৩। বিষয়টির গুরুত্ব বিবেচনায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রম সম্পর্কে এ ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭/০৭/২০২৬


সাদেকুর রহমান
উপসচিব
ফোন: +৮৮ ০২ ২২৩৩৫৭
ই-মেইল: lsdmc1@minland.gov.bd


সহকারী কমিশনার (ভূমি),
নেছারাবাদ/টেকনাফ/আদর্শ সদর/বরুড়া/গোয়ালন্দ/বালিয়াকান্দি/টাঙ্গাইল সদর/বাসাইল/
শৈলকুপা/ইসলামপুর/শিবগঞ্জ/গাবতলী/বোদা/পঞ্চগড় সদর/জুড়ী/কালাই/হাটহাজারী

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে:

১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়
২। জেলাপ্রশাসক,
পিরোজপুর/কক্সবাজার/কুমিল্লা/রাজবাড়ী/টাঙ্গাইল/ঝিনাইদাহ/জামালপুর/বগুড়া/পঞ্চগড়/মৌলভী বাজার/জয়পুরহাট/চট্টগ্রাম।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়
৪। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), ভূমি মন্ত্রণালয়
৬। অফিস কপি।